

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৮

২৯ সেপ্টেম্বর, ২০২০  
তারিখ : -----  
১৪ আশ্বিন, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Alternative Investment এর আওতাভুক্ত বিভিন্ন খাতে বিনিয়োগের বিপরীতে  
ঝুঁকিভার (Risk Weight) নির্ধারণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখঃ ২১ ডিসেম্বর, ২০১৪ এর মাধ্যমে জারীকৃত Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel III) -এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত গাইডলাইন এর Table 7: Risk Weights for Balance Sheet Exposure এর ক্রমিক নং “O” – এ বর্ণিত “Investments in venture capital” এর বিপরীতে ১৫০% ঝুঁকিভার (Risk Weight) আরোপের নির্দেশনা প্রদান করা হয়। এফক্ষে, বাংলাদেশে Alternative Investment খাতের প্রসারের স্বার্থে Investments in venture capital সহ Alternative Investment এর আওতাভুক্ত সকল খাতে (প্রাইভেট ইকুইটি, ইমপ্যাক্ট ফান্ড ইত্যাদি) বিনিয়োগের বিপরীতে ১০০% হারে ঝুঁকিভার নির্ধারণ করা হলো।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২